19 OCT 2016
পৃষ্ঠা ৪ ... কলাম ... ৭

দৈনিক
ইত্তেফাক

### খুবি'তে স্নাতক প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা

# এক হাজার ২১১ আসনের বিপরীতে ৪৪ হাজার ৭৪১ শিক্ষার্থীর আবেদন

■ খুলনা অফিস

খুলনা বিশ্ববিদ্যালয়ে (খুবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তির জন্য এবার ছয়টি স্কুল ও একটি ইনস্টিটিউটের আওতায় ২৮টি ডিসিপ্লিনে মোট এক হাজার ২১১টি আসনের বিপরীতে ৪৪ হাজার ৭৪১ জন শিক্ষার্থী আবেদন করেছে। অর্থাৎ প্রতি আসনের বিপরীতে গড় আবেদন পড়েছে প্রায় ৩৭টি।

আগামী ৩, ৪ এবং ৫ নভেম্বর বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ৩ নভেম্বর সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত বিজ্ঞান প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের, দুপুর একটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত জীববিজ্ঞান স্কুলের এবং বিকাল সাড়ে তিনটা থেকে বিকাল পাঁচটা পর্যন্ত চারুকলা ইনস্টিটিউটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ৪ নভেম্বর সকাল ৯টা থেকে সাড়ে ১০টা পর্যন্ত ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুলের এবং দুপুর আড়াইটা থেকে বিকাল চারটা পর্যন্ত সমাজ বিজ্ঞান স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া আগামী ৫ নভেম্বর সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত কলা ও মানবিক স্কুলের এবং দুপুর আড়াইটা থেকে বিকাল চারটা পর্যন্ত আইন স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার জন্য যোগ্য আবেদনকারীদের তালিকাসহ ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে www.ku.ac.bd পাওয়া যাবে। এছাড়া সংশ্লিষ্ট স্কুলের ডিন অফিস ও ইনস্টিটিউটের পরিচালকের অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের একাডেমিক শাখায় যোগাযোগ করে জানা যাবে।